১০৮

তারিখ 20 DEC 1993
পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক বাংলা

## বিক্ষুব্ধ ছাত্র-শিক্ষকের মিছিল-সমাবেশ


# ট্রাক চাপায় নটরডেম কলেজ শিক্ষক নিহত

স্টাফ রিপোর্টার ঃ রোববার ভোরে এয়ারপোর্ট রোডে ট্রাকের নিচে চাপা পড়ে নটরডেম কলেজের অর্থনীতির অধ্যাপক ফাদার বেনেডিক্ট এম কস্তাসির মর্মান্তিক মৃত্যু হয়েছে। তার বয়স হয়েছিল ৩৩ বছর। প্রত্যক্ষদর্শীরা জানান, তেজতুরী বাজার মসজিদের সামনে মোটর সাইকেল আরোহী অধ্যাপক ট্রাকের নিচে চাপা পড়েন।

এছাড়া শনিবার রাতে কালিয়াকৈর ও নরসিংদীতে দুই ব্যক্তি পৃথক সড়ক দুর্ঘটনায় প্রাণ হারান।

প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে জানা যায়, ফাদার কস্তাসি তেজগাঁ বটমলী হোমস–এ

( ৩-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ )



নিহত অধ্যাপক ফাদার বেনেডিক্ট এম কস্টা —দৈনিক বাংলা

## ট্রাক চাপায় নটরডেম কলেজ শিক্ষক নিহত

( প্রথম পৃষ্ঠার পর )

প্রার্থনা অনুষ্ঠান পরিচালনার জন্য মোটর সাইকেলে যাবার পথে বিমানবন্দরের দিক থেকে আসা দ্রুতগামী ট্রাকের সঙ্গে দুর্ঘটনা ঘটে।

আহত কস্তাসিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল ইমার্জেন্সীতে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

শিক্ষকের মৃত্যু সংবাদ নটরডেম কলেজে পৌছার সঙ্গে সঙ্গে হাসপাতাল মর্গে কলেজের ছাত্র শিক্ষকদের ভিড় জমে। পরে নটরডেম কলেজ থেকে ছাত্র ও শিক্ষকদের এক শোক মিছিল বের হয়। পথে ট্রাক দেখে ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে উঠে। ইটপাটকেল নিক্ষেপ ও লাঠি দিয়ে তারা ৪/৫টি ট্রাকের ক্ষতিসাধন করে। এ সময় নটরডেম কলেজের প্রথম বর্ষের দু'জন ছাত্রও আহত হন। এরা হচ্ছেন সাখাওয়াত ও শ্যামল। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে এদের প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেয়া হয়।

সড়ক দুর্ঘটনায় নিহত শিক্ষকের মৃত্যুতে শোক মিছিল জাতীয় প্রেসক্লাবের সামনে এসে সমাবেশ করে। সমাবেশে বক্তৃতা করেন কলেজের সহকারী অধ্যক্ষ ফাদার জেটি ডেনাস, অধ্যাপক নূরুন নবী, গ্যাব্রিয়েল মানি গমেজ, অধ্যাপিকা এ এন রাশেদা প্রমুখ।

সভায় বক্তাগণ বেপরোয়া গতিতে ও দিনের বেলা রাজধানীতে ট্রাক চলাচল বন্ধের দাবী জানান।

ফাদার কস্তাসি নটরডেম কলেজ থেকে আইএ ও বিএ পাস করে আমেরিকার নটরডেম ইনিভার্সিটি থেকে অর্থনীতিতে মাস্টার্স করেন। দেশে ফিরে ১৯৯০ সালে তিনি নটরডেম কলেজে শিক্ষক হিসাবে কর্মজীবন শুরু করেন।

আজ সকাল সাড়ে আটটায় ফাদার কস্তাসির মরদেহ তার গ্রামের বাড়ি কালীগঞ্জের ছোটগাতানী গ্রামে পাঠানো হবে। দুপুরে নটরডেম কলেজ প্রাঙ্গণে ছাত্র ও শিক্ষকদের শোকসভা অনুষ্ঠিত হবে।

### মিনিবাসের চাপায় নিহত

কালিয়াকৈরের কাছে শনিবার দিবাগত রাত দশটায় মিনিবাসের চাপায় আবদুল আজিজ ফকির (৪৫) নামে এক ব্যক্তি নিহত হন। তার লাশ পোস্ট মর্টেমের পর রায়েরবাজারে নিয়ে যাওয়া হয়েছে।

### দুই বাসের চাপায় নিহত

শনিবার দিবাগত রাত সাড়ে দশটায় নরসিংদী বাসস্ট্যান্ডে দুই বাসের মাঝে চাপা পড়ে নাজমুল হক (৩৫) নামে এক ব্যক্তি নিহত হন। আহত অবস্থায় তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। রোববার ভোরে তিনি মারা যান।